

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

স্মারক নং: ৫১.০১.০০০০.০২৪.১৪.২৫৬.১৯- ২৪৪

তারিখঃ ২৬/০৯/২০১৯ খ্রিঃ

বিষয় : বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে 'গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্পের আওতায় গৃহীত রাস্তার প্রাক্কলন অনুমোদন।

সূত্রঃ উপজেলা নির্বাহী অফিসার, ফকিরহাট স্মারক নং-৫১.০১.০১৩৪.০০০.৪১.০২৪.১৯-২৪৮, তারিখঃ ০৫-০৫-২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে, ২০১৯-২০২০ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে 'গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসই করণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্পের অধীন বাগেরহাট জেলার ফকিরহাট উপজেলায় নিম্নে বর্ণিত ০৪ (চার) টি প্যাকেজের জন্য ২,১৯,২৬,০০০.০০ (দুই কোটি উনিশ লক্ষ ছাব্বিশ হাজার) টাকার প্রাক্কলন প্রাথমিক অনুমোদন প্রদানপূর্বক প্রাক্কলনের ০১ (এক) প্রস্থ পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অত্রসাথ প্রেরণ করা হলো।

ক্রঃনং	প্যাকেজ নং	এইচবিবি প্রকল্পের নাম	দৈর্ঘ্য (মিটার)	প্রাক্কলিত মূল্য
০১.	W235DD MHBB-01	ক)বেতাগা ইউপি- তালবাড়ি ছহিরুদ্দিন শেখ এর বাড়ী থেকে বড় মাঠ অভিমুখী পর্যন্ত রাস্তায় এইচবিবি করণ (৫০০ মিটার) খ) লখপুর ইউনিয়ন ৫নং ওয়ার্ড জাজিরা মাইটকোমড়া আরব আলীর দোকান থেকে আমানের বাড়ি পর্যন্ত রাস্তায় এইচবিবি করণ (৫০০ মিটার)।	১০০০.০০	৫৪৮৪০০০.০০
০২.	W235DD MHBB-02	ফকিরহাট ইউপি- সাতশেয়া গ্রামে জারজিতের বারি সামনে হইতে জারিয়া কওমি মাদ্রাসা পর্যন্ত রাস্তায় এইচবিবি করণ (৫০০ মিটার) এবং পিলজংগ ইউপি- শাহআউলিয়াবাগ বাজার হইতে উৎকুল বাজার পর্যন্ত রাস্তায় এইচবিবি করণ (৫০০ মিটার)।	১০০০.০০	৫৪৮৩০০০.০০
০৩.	W235DD MHBB-03	ক)বাহিদিয়া ইউপি-ছোট বাহারদিয়া আকুর বাড়ি হইতে মদিনা মসজিদ পর্যন্ত রাস্তায় এইচবিবি করণ (৫০০ মিটার) খ) নলধা ইউপি- কামটা মাওলানা আঃ ছাত্তার মিয়ার বাড়ির সম্মুখ হইতে তাজ উদ্দিন বাবুর বাড়ি পর্যন্ত রাস্তায় এইচবিবি করণ (৫০০ মিটার)।	১০০০.০০	৫৪৮০০০০.০০
০৪.	W235DD MHBB-04	মুলঘর ইউপি- তাইজুল ইসলাম এর বাড়ির সামনে সোনা খালী আতিয়ার এর বাড়ি পর্যন্ত রাস্তায় এইচবিবি করণ (৫০০ মিটার) এবং শুভদিয়া ইউপি- ঘনশ্যামপুর মুজিবুরের দোকান হতে আমিরের বাড়ি হইয়া মিরাজুলের বাড়ির সামনে হতে আকবর শেখের বাড়ি পর্যন্ত রাস্তায় এইচবিবি করণ (৫০০ মিটার)।	১০০০.০০	৫৪৭৯০০০.০০
মোটঃ			৪০০০.০০	২,১৯,২৬,০০০.০০

২। প্রকল্প পরিচালক কর্তৃক একই সংকে ৪৯২ টি উপজেলার অনুমোদিত এইচবিবি রাস্তা নির্মাণের জন্য বিগত ০৬-০৯-২০১৯ খ্রিঃ ও ০৭-০৯-২০১৯ খ্রিঃ তারিখে (ক) দৈনিক ইত্তেফাক, (খ) বাংলাদেশ প্রতিদিন, (গ) দৈনিক জনবাণী ও (ঘ) The Daily Observer পত্রিকায় দরপত্র আহবান করা হয়েছে। বিধি মোতাবেক অবশিষ্ট কার্যক্রম (যেমন- দরপত্র বিক্রয় ও গ্রহণ, দরপত্র মূল্যায়ন ও প্রাথমিকভাবে ঠিকাদার/প্রতিষ্ঠান বাছাই) সংশ্লিষ্ট উপজেলা কর্তৃক গ্রহণ করতে হবে। দরপত্র মূল্যায়ন ও প্রাথমিকভাবে ঠিকাদার/প্রতিষ্ঠান বাছাই শেষে চূড়ান্ত অনুমোদনের জন্য ঠিকাদার/প্রতিষ্ঠান এর নাম, ঠিকানা ও মূল্যায়ন কমিটির স্বাক্ষরিত বিররগী, মূল্যায়ন কমিটির রেজুলেশনের কপি (ছায়ালিপি) সহ প্রকল্প পরিচালকের বরাবরে প্রেরণ করতে হবে।

৩। দরপত্র খোলার ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে ঠিকাদার/ প্রতিষ্ঠান প্রাথমিক বাছাই সম্পন্ন করে তালিকা প্রকল্প পরিচালক বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রকল্প পরিচালকের কার্যালয় হতে ঠিকাদার/প্রতিষ্ঠান চূড়ান্তকরণ অনুমোদন পত্র জারীর ১০ (দশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট ঠিকাদার/প্রতিষ্ঠান কর্তৃক ১০% পারফরমেন্স সিকিউরিটি দাখিল সাপেক্ষে ঠিকাদার/প্রতিষ্ঠান বরাবরে উপজেলা কর্তৃপক্ষ কর্তৃক কার্যাদেশ প্রদান করতে হবে।

৪। দরপত্র দলিলে উল্লেখিত সময়ের মধ্যে অর্থাৎ কার্যাদেশ প্রদানের তারিখ হতে ১.০ কি: মি: = ৪৫ দিন, ১.০ (+) হতে ১.৫ কি:মি: = ৬০ দিন, ১.৫ (+) কি: মি:= ৭৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট প্রকল্পের হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ কাজ ১০০% ভাগ সম্পন্ন করতে হবে। সমুদয় কাজ সম্পন্ন হওয়ার পর উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার প্রকল্পের প্রাক্কলন মোতাবেক কাজ সম্পন্ন হয়েছে মর্মে নিশ্চিত করার জন্য আইটেম ওয়ারী পরিমাপ গ্রহণ করবেন এবং মাপ বহিতে লিপিবদ্ধ করবেন। প্রকল্পের কাজ শেষে প্রাথমিক স্থান হতে সমাপ্তি স্থান পর্যন্ত ভিডিও করে সফট কপিসহ চূড়ান্ত প্রাক্কলনের ০২ (দুই) প্রস্থ প্রকল্প পরিচালকের কার্যালয়ে দাখিল করতে হবে।